

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট- ০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেকশন- ১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

প্রাপ্তি স্বীকারসহ রেজিঃ ডাকযোগে

নথি নং: ৫(১৩)১৫৩/কাস-বন্ড/লাই:/২০১৫

তারিখ: .১০.২০২৬

বিষয়: নিরীক্ষার জন্য সহযোগিতা এবং প্রয়োজনীয় দলিলাদি দাখিলকরণ।

সূত্র: (১) এস.আর. ও নং- ২০৯ - আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪; এর বিধি-১১;
(২) এস.আর. ও নং- ২১৩ - আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪; এর বিধি-১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স পেনি ডিজাইন নীটওয়ার, [ঠিকানা: জেলখানা রোড, কোনাবাড়ী, গাজীপুর (বন্ড লাইসেন্স নং- ১৭৬৬/কাস-এসবিডব্লিউ/২০১৬, তারিখ: ২৭/০১/২০১৬ খ্রিঃ, ই-বিন নং- ০০৪৩২৯৮১-০১০৩, তারিখ: ০৮/১২/২০১৯ খ্রিঃ)] নামীয় আপনার/আপনাদের ব্যবস্থাপনাধীন প্রতিষ্ঠানটির বিগত ২৮.০১.২০২৫ খ্রি. হতে ২৭.০১.২০২৬ খ্রি. মেয়াদের নিরীক্ষা কার্যক্রম অনিষ্পন্ন রয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর. ও নং-২০৯ আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪; এর বিধি-১১ এবং এস.আর. ও নং-২১৩ আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ এর বিধি-১২ মোতাবেক রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ১ বছর সমাপ্ত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট বার্ষিক নিরীক্ষা জন্য প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা বাধ্যতামূলক। কিন্তু উক্ত সময় অতিবাহিত হলেও, অদ্যাবধি আপনার/আপনাদের প্রতিষ্ঠান নিরীক্ষার জন্য সমুদয় দলিলাদি দাখিল করেননি। এমতাবস্থায়, উক্ত সময়ের নিরীক্ষা সম্পন্নের লক্ষ্যে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ১) বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃক প্রদত্ত ইউডি এর স্টেটমেন্টসহ মূলকপি সমূহ;
- ২) কারখানায় বিদ্যমান মেশিনারিজ এর তালিকা (অনুমোদিত মেশিনারি ও নতুন স্থাপিত মেশিনারি);
- ৩) যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প দায় দেনা বহনের অঙ্গীকারনামা;
- ৪) নির্ধারিত ছকে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যিত ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী কর্তৃক আমদানি রপ্তানি কার্যক্রমের বিবরণ;
- ৫) নির্ধারিত ফরমেটে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যিত নিরীক্ষা মেয়াদের পিআরসি;
- ৬) নির্ধারিত ছকে স্থায়ী ও অস্থায়ী আস্তঃবন্ড স্থানান্তরের বিবরণ (যদি থাকে);
- ৭) নিরীক্ষা মেয়াদে বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য);
- ৮) নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত পণ্যের বিবরণ, শিপিং বিল, ইজিএম সংক্রান্ত দলিলাদি;
- ৯) ফোর্সড লোন ও ওভারভিউ সংক্রান্ত তথ্য;
- ১০) CA Firm কর্তৃক প্রণীত নিরীক্ষাকৃত অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে);
- ১১) নিজস্ব জায়গায় স্থাপিত কারখানার মালিকানা দলিল ও হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণক;
- ১২) ভাড়া জায়গার ক্ষেত্রে হালনাগাদ নবায়িত ভাড়ার চুক্তির কপি;
- ১৩) তফসিল -৪ মোতাবেক আমদানি-রপ্তানি বিবরণী;
- ১৪) এইচএস কোডসহ অনুমোদিত ও আমদানিকৃত কাঁচামালের তালিকা;
- ১৫) কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ও তাহাদের মাসিক বেতন বিবরণী।
- ১৬) পূর্ববর্তী মেয়াদের অব্যবহৃত কাঁচামালের বিবরণ;
- ১৭) প্রাপ্ত রপ্তানি আদেশের সংখ্যা;
- ১৮) গৃহীত ইউডির সংখ্যা ও রপ্তানি সম্পন্নকৃত ইউডির সংখ্যা;

- ১৯) মেয়াদ ভিত্তিক প্রত্যাবসিত ও অপ্রত্যাবসিত মূল্য;
২০) ইউডি ভিত্তিক কনজাম্পশন ও অপচয়;

- ০৩। এমতাবস্থায়, আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ দালিলাদি দাখিল করে ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা-২০২৪ এর বিধান ও লাইসেন্সী কর্তৃক পালনীয় শর্তাবলীর শর্ত অনুযায়ী নিরীক্ষা কার্যে সহায়তার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- ০৪। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে দালিলাদি দাখিলে ব্যর্থ হলে জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও. নং- ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ খ্রি. এর বিধি-১১ ও কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২(৪) ও বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ অনুযায়ী বিধি -১৩(৩) (গ) এর প্রদত্ত ক্ষমতাবলে আপনার/আপনাদের ব্যবস্থাপনাধীন প্রতিষ্ঠানের ব্যবসা সনাক্তকরণ নম্বরটি (বিআইএন) Suspend ও বন্ড লাইসেন্সটি স্থগিত (Suspend) করা হবে।
- ০৫। সরকারী রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাঃ-

মো: আবুল কাশেম
উপ কমিশনার

অতিরিক্ত কমিশনারের পক্ষে।

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স পেনি ডিজাইন নীটওয়ার
ঠিকানা: জেলখানা রোড, কোনাবাড়ী, গাজীপুর

নথি নং: ৫(১৩)১৫৩/কাস-বন্ড/লাই:/২০১৫ ১৭০২৩ (২)

তারিখ: ১০.১০.২০২৬

অনুলিপি:

১. অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (উল্লিখিত তথ্যাদি বন্ড কমিশনারেটের ওয়েবসাইটে Upload করার অনুরোধসহ);
২. পিএ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি।

১৫/১০/২০২৬

মো: আবুল কাশেম
উপ কমিশনার।